

# বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড

পল্লী ভবন

প্রোগ্রামিং শাখা

৫ কাওরান বাজার, ঢাকা-১২১৫।

www.brdb.gov.bd

বিষয়: ০৩ জুন/২০২০ খ্রি: অনুষ্ঠিত বিআরডিবি'র ইনোভেশন কমিটির সভার কার্যবিবরণী।

সভাপতি	:	এস. এম. মাসুদুর রহমান পরিচালক (প্রশাসন)
সভার তারিখ	:	০৩ জুন/২০২০ খ্রি:
সভার সময়	:	সকাল ১১.০০ ঘটিকা
স্থান	:	সভাপতি এর অফিস কক্ষ।
উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক' দ্রষ্টব্য।

সভাপতি সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। ২০১৯-২০২০ অর্থবছরের ইনোভেশন কার্যক্রম বাস্তবায়নে এবং কর্মপরিকল্পনার সূচকমান অর্জনে তিনি সকলের নিকট গঠনমূলক পরামর্শ প্রত্যাশা করেন। সে মোতাবেক বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়-

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০১	বিগত সভার সুপারিশসমূহ পর্যালোচনা	ইনোভেশন টিম কর্তৃক আয়োজিত বিগত ০৫ টি সভার বিষয়ে উপপরিচালক (প্রোগ্রামিং) ও সদস্য সচিব সভায় উপস্থিত সকলকে অবহিত করেন। বিগত সভায় যে সিদ্ধান্তসমূহ গৃহীত হয়েছিলো তার প্রায় সকল বিষয়ে বাস্তবায়ন ব্যবস্থা গ্রহণ করা হয়েছে মর্মে সভায় জানানো হয়।	সভার তারিখ ও সিদ্ধান্ত অনুযায়ী কার্যবিবরণী ও বাস্তবায়ন ব্যবস্থার দলিলপত্র সংরক্ষণ করতে হবে।	উপপরিচালক (প্রোগ্রামিং)
০২	কর্মশালা আয়োজন	বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনার সূচক মান অর্জনে উদ্ভাবনে সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে ৪.২.১ ও ৪.৩.১ এর লক্ষ্যমাত্রা অর্জনে করোনা কালীন সময়ে যেহেতু মাঠ পর্যায়ের উদ্ভাবকদের একত্রিত করা সম্ভবপর হচ্ছে না সেহেতু বিআরডিবি'র সদর দপ্তরে কর্মরত কর্মকর্তাদের সমন্বয়ে 'পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে বিআরডিবি'র কার্যক্রমে উদ্ভাবনী উদ্যোগ, সেবা সহজিকরণ ও আধুনিকায়ন' বিষয়ক ও 'পল্লী উন্নয়ন ও দারিদ্র্য বিমোচনে বিআরডিবি'র উদ্ভাবনী মডেল উপস্থাপন বিষয়ক দিনব্যাপী ০২ টি কর্মশালা আয়োজন করার বিষয়ে আলোচনা হয়। এ কর্মশালা দুটি দ্রুততম সময়ের মধ্যে আয়োজনের লক্ষ্যে মহাপরিচালক মহোদয়ের সাথে যোগাযোগের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	মহাপরিচালক মহোদয়ের অনুমোদনক্রমে দ্রুততম সময়ের মধ্যে দুইটি কর্মশালা আয়োজনের ব্যবস্থা করতে হবে।	ইনোভেশন কমিটি

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০৩	স্কেলআপ/আঞ্চলিক/জাতীয় পর্যায়ে বাস্তবায়নের জন্য উদ্ভাবনী উদ্যোগ নির্বাচন	২০১৯-২০২০ অর্থবছরে উদ্ভাবকদের প্রেরিত ইনোভেশন আইডিয়াসমূহের মধ্যে থেকে আঞ্চলিক/জাতীয় পর্যায়ে বাস্তবায়নের জন্য আইডিয়া নির্বাচনের বিষয়ে নিম্নোক্ত আলোচনা হয়: ১. যুগ্মপরিচালক (আরইএম) কর্তৃক উদ্ভাবিত 'বিআরডিবি'র ক্ষুদ্র ঋণ কার্যক্রম ব্যবস্থাপনা মডেল' এর বিষয়ে সভায় উপস্থাপন করা হয়। ২. এছাড়া, জাতীয় পর্যায়ে উদ্ভাবনী উদ্যোগ বাস্তবায়নের জন্য যুগ্মপরিচালক (নির্মাণ) কর্তৃক উদ্ভাবিত 'Online Reporting Management System' উদ্যোগ টিকে নির্বাচন করার বিষয়ে আলোচনা হয়। উপরিউক্ত দুইটি মডেল এর অফিস আদেশ জারীর বিষয়ে প্রস্তুতি নেয়া প্রয়োজন মর্মে সকলে একমত পোষণ করেন।	জাতীয় পর্যায়ে বাস্তবায়ন ও পাইলটিং এর জন্য আলোচিত উদ্যোগসমূহ বাস্তবায়নের বিষয়ে অফিস আদেশসহ দ্রুততম সময়ের মধ্যে মহাপরিচালক মহোদয়ের নিকট উপস্থাপন করতে হবে।	ইনোভেশন কমিটি
০৪	উদ্ভাবকদের পাইলটিং/স্কেলআপ এর জন্য বরাদ্দ প্রদান	গ্রামীণ জনসাধারণের জীবনমান উন্নয়নে বিআরডিবি'র মাঠ পর্যায় থেকে প্রেরিত আইডিয়াসমূহ থেকে আইডিয়া বাছাইপূর্বক তা দেশব্যাপী স্কেলআপ/পাইলটিং এর জন্য ইনোভেশন খাত হতে অর্থ বরাদ্দের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে আলোচনা হয়।	উদ্ভাবকদের পাইলটিং/স্কেলআপ এর জন্য প্রয়োজীয় বরাদ্দ প্রদানের ব্যবস্থা গ্রহণ করতে হবে।	ইনোভেশন কমিটি
০৫	উদ্ভাবকগণকে স্বীকৃতি বা প্রণোদনা প্রদান	ইনোভেশন কর্মপরিকল্পনার ৯.১ এর ৯.১.১ এর কর্মসম্পাদন সূচক মান (৫ নম্বর) অর্জনে উদ্ভাবকদের প্রশংসাসূচক উপ-আনুষ্ঠানিক পত্র/সনদপত্র প্রদান করা প্রয়োজন। সে আলোকে মাঠ ও সদর দপ্তর পর্যায়ে উদ্ভাবকগণ যে উদ্যোগ প্রদান করেছে তার জন্য সকলকে সনদ পত্র প্রদানের বিষয়ে সভায় উপস্থিত সদস্যগণ একমত পোষণ করেন। এতে করে উদ্ভাবকগণ তাদের উদ্ভাবনী উদ্যোগ গ্রহণ ও বাস্তবায়নে তৎপর হবে এবং জনগণকে তাদের কাঙ্ক্ষিত সেবা প্রদান সহজতর হবে মর্মে সভায় আলোচনা হয়।	সনদপত্র প্রস্তুতপূর্বক মহাপরিচালক মহোদয়ের নিকট উপস্থাপন করতে হবে।	উপপরিচালক (প্রোগ্রামিং)

ক্র: নং	আলোচ্য বিষয়	আলোচনা	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
০৬	ইনোভেশন কর্মপরিকল্পনার বার্ষিক স্ব-মূল্যায়ন	বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি) এর বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ নির্ধারিত সময়ের মধ্যে মূল্যায়ন করা প্রয়োজন হবে মর্মে সভায় আলোচনা হয়। তবে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ মূল্যায়নের পূর্বে সে সকল সূচকমান অর্জিত হয় নি সে গুলোর বিষয়ে দ্রুত প্রয়োজনীয় ব্যবস্থা যথাযথ উদ্যোগ নিতে হবে। উল্লিখিত সকল সূচকমান অর্জন সাপেক্ষে বার্ষিক উদ্ভাবন কর্মপরিকল্পনা ২০১৯-২০২০ এর স্ব-মূল্যায়ন প্রতিবেদন প্রস্তুতের বিষয়ে বিস্তারিত আলোচনা হয়।	ইনোভেশন কর্মপরিকল্পনার বার্ষিক স্ব-মূল্যায়নের লক্ষ্যে কর্মপরিকল্পনার সূচকমান অর্জন নিশ্চিত করে ইনোভেশন কমিটির সভার মাধ্যমে মূল্যায়ন কার্যক্রম সম্পন্ন করতে হবে।	ইনোভেশন কমিটি

সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সবাইকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।



এস. এম. মাসুদুর রহমান  
পরিচালক (প্রশাসন)

ও

সভাপতি, ইনোভেশন কমিটি  
বিআরডিবি, ঢাকা

☎ ৮১৮০০০৮


E-mail: dradmn@brdb.gov.bd

স্মারক নং-৪৭.৬২.০০০০.৪১১.০৬.১৩৭.১৯-২৪৬৯

তারিখ: ০৬ জুন/২০২০ খ্রি:

অনুলিপি (সদয় অবগতি ও কার্যার্থে):

১. পরিচালক (অর্থ ও হিসাব) বিআরডিবি, ঢাকা।
২. যুগ্মপরিচালক (সিসিএম), বিআরডিবি, ঢাকা।
৩. উপপরিচালক (পরিকল্পনা), বিআরডিবি, ঢাকা।
৪. মহাপরিচালকের একান্ত সচিব, বিআরডিবি, ঢাকা (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)
৫. সহকারী পরিচালক (পদাবিক), বিআরডিবি, ঢাকা।
৬. পরিচালক (প্রশাসন) এর একান্ত সহকারী, বিআরডিবি, ঢাকা।



নাজনীন খান

উপপরিচালক (প্রোগ্রামিং)

ও

সদস্য সচিব, ইনোভেশন কমিটি  
বিআরডিবি, ঢাকা